

শেখ হাসিনার বাংলাদেশ
পরিচ্ছন্ন পরিবেশ

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিবেশ অধিদপ্তর
পরিবেশ ভবন, ই/১৬, আগারগাঁও
শেরে বাংলা নগর, ঢাকা-১২০৭।
www.doe.gov.bd



নং-২২.০২.০০০০.০৮১.৭২.০১৭(২২).২১-১৫৬

২৭ /০৮/১৪২৮ বঙ্গাব্দ
তারিখঃ -----।


১২ /১২/২০২১ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ বিপজ্জনক রাসায়নিক পদার্থের সংরক্ষণাগারের পরিবেশগত ছাড়পত্র গ্রহণ।

সূত্র: ক) পরিবেশ, বন ও জলবায়ু পরিবর্তন মন্ত্রণালয়ের পরিপত্র নং ২২.০০.০০০০.০৭৪.১৮.০০১.১৭-২৪২, তারিখ: ০৭/০৮/২০১৮
খ) নারায়নগঞ্জ জেলা কার্যালয়ের পত্র স্মারক নং ২২.০২.৬৭০০.১৪০.৯৯.০১৯.২০-২৩০, তারিখ: ২৭/০৮/২০২০

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিপজ্জনক বর্জ্য ও জাহাজডাঙ্গা বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর তফশিল-১ ভুক্ত রাসায়নিক পদার্থসমূহের আমদানি ও রপ্তানিতে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণের বিধান রয়েছে (বিধি ১৪)। এছাড়া, তফশিল-১ ভুক্ত রাসায়নিক পদার্থসমূহ বিপজ্জনক (বিষাক্ত/দাহ্য/বিস্ফোরক) প্রকৃতির বিধায় এসকল রাসায়নিক পদার্থের সংরক্ষণ বা মজুদে বিশেষ সতর্কতা প্রয়োজন। উল্লেখ্য যে, সূত্রোক্ত পরিপত্র (ক) মোতাবেক এসিড জাতীয় বিপজ্জনক রাসায়নিক পদার্থ বা দাহ্য রাসায়নিক পদার্থের মজুদকরণ বা ওয়্যারহাউজের জন্য বিস্ফোরক অধিদপ্তরসহ সংশ্লিষ্ট কর্তৃপক্ষ হিসেবে পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্র গ্রহণের বাধ্যবাধকতা রয়েছে।

বর্ণিত অবস্থার পরিপ্রেক্ষিতে, বিপজ্জনক বর্জ্য ও জাহাজডাঙ্গা বর্জ্য ব্যবস্থাপনা বিধিমালা, ২০১১ এর তফশিল-১ ভুক্ত রাসায়নিক পদার্থসমূহের আমদানিকারকদের ক্ষেত্রে সংরক্ষণাগার বা ওয়্যারহাউজের জন্য পরিবেশগত ছাড়পত্র গ্রহণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো। তবে, পরিবেশ অধিদপ্তরের ছাড়পত্রপ্রাপ্ত কারখানা/শিল্প প্রতিষ্ঠানের নিজস্ব প্রাপ্তনে অবস্থিত রাসায়নিক সংরক্ষণাগারের জন্য পৃথকভাবে ছাড়পত্র গ্রহণের প্রয়োজন নেই।


মো: আশরাফ উদ্দিন
মহাপরিচালক
পরিবেশ অধিদপ্তর
৮১৮১৮০০

বিতরণঃ (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

- ১। অতিরিক্ত মহাপরিচালক, পরিবেশ অধিদপ্তর
- ২। পরিচালক (সদর দপ্তর/বিভাগ/অঞ্চল/মহানগর), পরিবেশ অধিদপ্তর।
- ৩। উপপরিচালক/দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা,জেলা কার্যালয়, পরিবেশ অধিদপ্তর।